**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

☐ এপেক্স ল্যানজারী লিমিটেড ☐ এপেক্স ইয়ার্ন ডাইং লিমিটেড ☐ এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেড
☐ এপেক্স স্পিনিং এন্ড নিটিং মিলস্ লিমিটেড ☐ এপেক্স টেক্সটাইল প্রিন্টিং মিলস্ লিমিটেড

### ১.১ মূলনীতি ঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড বাংলাদেশে একটি অনন্য রপ্তানীমূখী গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান। কর্তৃপক্ষ শ্রম ও শিল্প আইনের প্রতি শ্রদ্ধা রেখে শ্রমিকদের ট্রেড ইউনিয়ন গঠন করার বা ট্রেড ইউনিয়নে যোগদান করার অধিকারকে স্বীকৃতি প্রদান করেছে। এই দৃষ্টিকোন থেকে কর্মক্ষেত্রে নিয়োজিত কোন শ্রমিক - কর্মচারী যাতে কোন ধরনের বাধা, প্রতিবন্ধকতা বা হয়রানির স্বীকার না হয়, সেদিকে দৃষ্টি রেখে এপেক্স হোল্ডিংস্ লিমিটেড-এর কর্তৃপক্ষ **"সংঘঠন করার স্বাধীনতা নীতি"** প্রনয়ন করেছে।

### ১.২ উদ্দেশ্য ও লক্ষ্য ঃ

ট্রেড ইউনিয়ন গঠন করার বা ট্রেড ইউনিয়নে যোগদান করার মাধ্যমে শ্রমিকের সাথে শ্রমিকের এবং মালিকের সাথে শ্রমিকের সুসম্পর্ক গড়ে তোলাই মূলত এই নীতিমালার উদ্দেশ্য। মালিক ও কর্মীদের মধ্যে এবং অধিনস্থ ও অধঃনস্থদের মধ্যে ভাল সম্পর্ক গড়ে তোলা এবং একটি সুষ্ঠ ব্যবস্থাপনায় শ্রমিক কর্মচারীদের আস্থা অর্জন করে, উৎপাদন প্রক্রিয়াকে আরো গতিশীল করাই এই নীতিমালার লক্ষ্য ।

### ১.৩ আওতা ঃ

এই নীতিমালা এপেক্স হোল্ডিংস লিমিটেড এর ব্যবস্থাপনায় পরিচালিত উপরোল্লিখিত কারখানাসমূহের সকল কর্মস্থলে বা পন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি একই ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানের সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব অবস্থানে থেকে কারখানায় উৎপাদনের সকল স্তরে এই নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবে।

### ১.৪ অঙ্গীকার ঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এর কর্তৃপক্ষ একটি কার্যকর সংঘঠন করার স্বাধীনতা নীতিমালা প্রনয়নের মাধ্যমে দক্ষ ও বিশ্বস্ত কর্মী বাহিনী গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ ও অঙ্গিকারবদ্ধ । এই নীতিমালা বাস্তবায়নে রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক আইন লঙ্ঘন না করে ক্ষেত্রবিশেষে ক্রেতাদের আচরণবিধি (COC) ও নিয়মও মানা হতে পারে । এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এই নীতি কার্যকর করতে আইএলও কনভেনশন, বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এবং গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান যথাযথ ভাবে অনুসরন করবে।

| Prepared By | Reviewed By | Approved By |
|---|---|---|
| Md. Azibul Haque | Md. Harun or Rashid | Eifaz Ahmed |
| Deputy Manager | DGM Compliance | Director |

APEX HOLDINGS LIMITED GAZIPUR

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-ডিসেম্বর-২০১৩ | পলিসি নং | : | ০১৪ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৯ | রিভিউ তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ | কার্যকর তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ |
| পরবর্তী রিভিউ তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২৩ | | | | | | |

**Apex Holdings Limited**

Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

# Freedom of Association Policy

## ২.০ ট্রেড ইউনিয়ন গঠণ ঃ

**ট্রেড ইউনিয়ন গঠণের জন্য বাংলাদেশ শ্রম আইন -২০০৬ এর ধারা-১৭৬ অনুযায়ী নিম্ন লিখিত নির্দেশিকা যথাযথ অনুকরন করা হবে ঃ**

২.১ মুখ্যত ঃ শ্রমিক এবং মালিকের সম্পর্ক অথবা শ্রমিককে এবং শ্রমিকের সম্পর্ক উন্নয়ন করার লক্ষ্যে কোন পার্থক্য ছাড়াই সকল শ্রমিকের ট্রেড ইউনিয়ন গঠন করার এবং সংশ্লিষ্ট ইউনিয়নের গঠনতন্ত্রে, সাপেক্ষে তাহাদের নিজস্ব পছন্দের ট্রেড ইউনিয়নে যোগদানের স্বাধিনতা থাকবে ।

২.২ শ্রমিকগনের ট্রেড ইউনিয়নের ফেডারেশন গঠন করার এবং উহাতে যোগদান করার অধিকার থাকার এবং উক্তরূপ কোন ইউনিয়ন বা ফেডারেশনের শ্রমিক সংগঠনের কোন আর্ন্তজাতিক সংস্থা বা কোন ফেডারেশনের সহিত সম্বন্ধীকরনের অধিকার থাকবে ।

২.৩ শ্রমিকগন ট্রেড ইউনিয়ন এর নিজস্ব গঠনতন্ত্র ও বিধিমালা অনুযায়ী স্বাধীনভাবে প্রতিনিধি নির্বাচন ও সমিতির প্রসাশন ও কর্মতৎপরতা সংগঠনের এবং কর্মসুচী প্রনয়নের অধিকার থাকবে। এক্ষেত্রে কর্তৃপক্ষ কোন প্রকার হস্তক্ষেপ করবে না।

২.৪ ট্রেড ইউনিয়ন অবশ্যই আইন সম্মতভাবে রেজিষ্ট্রি করন হতে হবে। ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রিকৃত না হলে অথবা উহার রেজিস্ট্রি বাতিল করা হইলে ধারা ১৯১(২) এর বিধান সাপেক্ষে, উহা ট্রেড ইউনিয়ন হিসাবে কাজ করতে পারবে না।

২.৫ ট্রেড ইউনিয়নের গঠনতন্ত্রে- ট্রেড ইউনিয়নের উদ্দেশ্য, সদস্য হওয়ার পন্থা, ট্রেড ইউনিয়নের সুবিধাদি, গঠনতন্ত্র পরিবর্তন, সংশোধন ও বাতিলের পন্থা ইত্যাদি উল্লেখ থাকতে হবে।

২.৬ ট্রেড ইউনিয়নের সদস্য হওয়ার জন্য তাহাকে অবশ্যই অত্র প্রতিষ্ঠানের শ্রমিক হতে হবে।

২.৭ শ্রমিকদের আইনি প্রয়োজনীয়তা অনুসারে ট্রেড ইউনিয়ন কার্যক্রম পরিচালনা বা অংশগ্রহনের অধিকার থাকবে।

২.৮ ধারা-১৭৯ (১)(ট) মোতাবেক কোন ট্রেড ইউনিয়নের নির্বাহী কমিটির সদস্য সংখ্যা উহার সাধারণ সদস্যের সংখ্যানুপাতে নিম্নবর্নিত হারে নির্ধারিত হবে ঃ

| সাধারণ সদস্যর সংখ্যা | | | নির্বাহী কমিটির সদস্য সংখ্যা | |
|---|---|---|---|---|
| অনধিক ৫০ | | | অন্যন | ৫ |
| ৫১ | হইতে | ১০০ | অনধিক | ৯ |
| ১০১ | হইতে | ২০০ | ঐ | ১৩ |
| ২০১ | হইতে | ৪০০ | ঐ | ১৯ |
| ৪০১ | হইতে | ৮০০ | ঐ | ২৩ |
| ৮০১ | হইতে | ১৫০০ | ঐ | ২৫ |
| ১৫০১ | হইতে | ৩০০০ | ঐ | ২৭ |
| ৩০০১ | হইতে | ৫০০০ | ঐ | ২৯ |
| ৫০০১ | হইতে | ৭৫০০ | ঐ | ৩১ |
| ৭৫০০ | হইতে | ততোধিক | ঐ | ৩৫ |

২.৯ যৌথ দরকষাকষি প্রতিনিধি বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-২১০ অনুযায়ী শিল্প বিরোধ নিস্পত্তি এবং ধারা-২১১ অনুযায়ী ধর্মঘট ও লক-আউট মাধ্যমে শ্রমিকদের স্বার্থ সংশ্লিষ্ট সমস্যা সমাধানের অধিকার থাকবে ।

২.১০ ট্রেড ইউনিয়ন গঠনতন্ত্র ও নীতিমালা মোতাবেক কারখানায় উপস্থিত থেকে সবেতনে তাদের দ্বায়িত্ব পালন ও কার্যক্রম পরিচালনার করবে। যা সাধারন কর্মদিবস হিসাবে বিবেচিত হবে।। তবে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর সেকশন ১২৫,১২৬,১২৭,১২৮,১২৯ এবং ১৩০ অনুযায়ী তার মজুরী হতে কর্তন করা যাবে।

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

২.১১ ট্রেড ইউনিয়ন বা অংশগ্রহন কারী কমিটি কারখানার শ্রমিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত গ্রহনের সময়, যে কোন নীতিমালা প্রনয়ন ও যে কোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন অথবা বিয়োজনের ক্ষেত্রে সুপারিশ করতে পারবে।

২.১২ ২০০৬ সনের ৪২ নং আইনের ধারা ২০৫ এর সংশোধন অনুযায়ী কোনো প্রতিষ্ঠানে ট্রেড ইউনিয়ন থাকিলে সেই প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী কমিটি গঠনের প্রয়োজন হইবে না।

## ৩.০ শ্রমিক ইউনিয়ন কর্মকর্তা নির্বাচন ঃ

ট্রেড ইউনিয়নের সাধারণ সদস্যগণ কর্তৃক উহার কর্মকর্তা নির্বাচনের পন্থা এবং কর্মকর্তাগনের কার্যকালের মেয়াদ যাহা কোন ক্ষেত্রেই দুই বৎসরের বেশী হইবে না। তবে প্রতিষ্ঠান পুঞ্জের ক্ষেত্রে কর্মকর্তাগণের কার্যকালের মেয়াদ তিন বৎসরের বেশী করা যাইবে না।

**নির্বাচন পরিচালনা কমিটি ঃ**

মালিক নির্বাচনের অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্বাচন অনুষ্ঠানের জন্য মালিক ও শ্রমিকের সমন্বয়ে ৩ (তিন) হইতে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করবেন এবং উহার অনুলিপি মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। নির্বাচন পরিচালনা কমিটিতে অনধিক একজন মালিক পক্ষের প্রতিনিধি থাকিবে।

কমিটি বিজ্ঞপ্তি মারফত প্রচার করিয়া নির্বাচনে একটি তফসিল ঘোষণা করবে, যেখানে ভোটার তালিকা প্রণয়ন, মনোনয়নপত্র জমা, যাচাই-বাছাই, প্রত্যাহার, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও নির্বাচনী প্রতীক বরাদ্দসহ নির্বাচন অনুষ্ঠানের তারিখ নির্দিষ্টভাবে উল্লেখ থাকবে। বিজ্ঞপ্তি প্রকাশের অনধিক ৭ দিনের মধ্যে মনোনয়নপত্র জমা দানের সুযোগ প্রদান এবং প্রার্থিতা চূড়ান্ত হবার পরবর্তী ১৫ কর্মদিবসের মধ্যে নির্বাচন সম্পন্ন করিতে হবে। নির্ধারিত ৩০ দিনের মধ্যে নির্বাচন করা সম্ভব না হলে নির্বাচন পরিচালনা কমিটি আরো ৩০ দিন সময় বর্ধিত করিতে পারবে।

প্রতি দুই বৎসর শেষ হইবার পূর্বেই ব্যালটের মাধ্যমে সাধারণ সদস্যদের ভোটে ইউনিয়নের কর্মকর্তা / কার্যকরী কমিটির সদস্য ও কর্মকর্তাগন নির্বাচিত হইবেন। দুই বৎসরের জন্য তাহাদের কার্যকাল স্থায়ী হইবে এবং পূনরায় তাহারা নির্বাচনের প্রার্থী হতে পারবেন। যাহার কাজ সুষ্ঠভাবে নির্বাচন সম্পন্ন হইবার যাবতীয় নিয়মাবলী ও সুচী তৈরি করা এবং নির্বাচন পরিচালনা করা। নির্বাচনের ব্যাপারে কোন প্রকার গোলযোগ দেখা দিলে নির্বাচন সাব-কমিটির মতামতেই সর্বশেষ বলিয়া পরিগনিত হইবে ।

## ৪.০ সংগঠনের স্বাধীনতা বাস্তবায়নে বিবেচ্য বিষয় ঃ

৪.১ যে প্রতিষ্ঠানে একটি মাত্র ট্রেড ইউনিয়ন থাকে সে ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের জন্য উহা যৌথ দরকষাকষি প্রতিনিধি বলিয়া গন্য হবে। যৌথ দরকষাকষির মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত সমুহ পি.এ সিসটেম ও নোটিশ বোর্ড এ লাগানোর মাধ্যমে সকলকে অবহিত করা হবে।

৪.২ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন ও কাজের শৃংঙ্খলা নিশ্চিত করতে যৌথ দর কষাকষি কার্যক্রমকে অস্বীকার করেনা বরং ইউনিয়ন/ ইউনিয়ন প্রতিনিধি/ ইউনিয়ন ফেডারেশন এর সাথে সরল বিশ্বাসে আইনি প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য রেখে যৌথ দর কষাকষি করতে সর্বদা আগ্রহী।

৪.৩ চাকুরীর আবেদন পত্র, কাজের নির্দেশিকা ও নিয়োগ পত্রে শ্রমিক প্রতিনিধির সাংগঠনিক পদবী বা ট্রেড ইউনিয়নের সদস্য এই বিষয় উল্লেখ পূর্বক কোন বৈষম্য বা হয়রানী করা যাবে না।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-ডিসেম্বর-২০১৩ | পলিসি নং | : | ০১৪ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৯ | রিভিউ তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ | কার্যকর তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ |

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

৪.৪ ট্রেড ইউনিয়নের সদস্য বা প্রতিনিধি হওয়ার কারনে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-১৯৫ লংঘন করে কোন কার্যক্রম পরিচালনা, নিয়োগ, মজুরি, পদোন্নতি, বেতন বৃদ্ধি, কাজের শর্ত ও অন্যান্য সুবিধার হতে বঞ্চিত বা বহিস্কার, বেতন কর্তন ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি ক্ষেত্রে কোন প্রকার বৈষম্য করা যাবে না। এছাড়াও তাদের উদ্দেশ্য প্রনোদিতভাবে হুমকি প্রদান, ভয় দেখানো, হয়রানী করা ও শাস্তি প্রদান করা সম্পূর্ন নিষিদ্ধ।

৪.৫ আইন অনুযায়ী ট্রেড ইউনিয়নের সকল সদস্য ও প্রতিনিধিকে সমান ভাবে মূল্যায়ন ও সূযোগ সুবিধা প্রদান করতে হবে।

৪.৬ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী ধারা ১৮৭ এর বিধান ভংগ করে কোন ট্রেড ইউনিয়নের সভাপতি, সাধারন সম্পাদক, সাংগঠনিক সম্পাদক ও কোষাধ্যক্ষকে বদলী বা টারমিনেশন করা যাবে না।

৪.৭ প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে একবার কর্মঘন্টা, হয়রানী -নির্যাতন প্রতিরোধ, বৈষম্য দূরীকরণ, অভিযোগ-অনুযোগ ও স্বাস্থ্য - নিরাপত্তা সহ শ্রমিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভা অনুষ্ঠিত হবে এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সকল শ্রমিককে অবহিত করা হবে।

৪.৮ আইনি প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য রেখে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শ্রমিক প্রতিনিধির সাথে আলোচনা করে কার্যক্রম পরিচালনা করবে।

৪.৯ ট্রেড ইউনিয়নের কার্যক্রম পরিচালনা করার জন্য কারখানা সীমানার মধ্যে অফিস এর ব্যবস্থা করা হবে এবং চেয়ার টেবিলসহ অন্যান্য সরঞ্জাম সরবরাহ করা হবে।

৪.১০ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ট্রেড ইউনিয়নের কার্যক্রম নিয়ন্ত্রনে কারসাজি বা হস্তক্ষেপ করা হতে সম্পূর্ন বিরত থাকবে।

৪.১১ কোন শ্রমিককে ট্রেড ইউনিয়ন এর সদস্য না হওয়া বা যোগাযোগ না করা বা কার্যক্রমে অংশগ্রহন করা হতে বিরত রাখার জন্য প্রতিবন্ধতা তৈরি ও বাধা প্রদান করা যাবে না। শ্রমিক প্রতিনিধিদের ট্রেড ইউনিয়ন এর কার্যক্রমে অংশগ্রহন না করা বা দায়িত্ব পালনে বাধা প্রদান করা যাবে না।

৪.১২ ইউনিয়নের কার্যক্রম অর্থায়নের মাধ্যমে নিয়ন্ত্রন করার চেষ্টা করা যাবে না। এটি আইন অনুযায়ী নিষিদ্ধ।

৪.১৩ কর্তৃপক্ষ ইউনিয়ন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহন, সংবিধান বা বিধি গঠন, কার্যক্রম পরিচালনা এবং নির্বাচনে হস্তক্ষেপ করা হতে বিরত থাকবে। ইউনিয়ন এর কার্যক্রম হতে সরে আসার জন্য কাউকে ঘুষ প্রদান বা অংশগ্রহন করতে বাধা প্রদান বা গোপনীয় প্রচারনার মাধ্যমে ইউনিয়নকে দূর্বল করার চেষ্টা করা হতে বিরত থাকতে হবে।

৪.১৪ শ্রমিকদের ট্রেড ইউনিয়নে যোগদান না করা বা কার্যক্রমে জড়িত না থাকার জন্য এবং বিদ্যমান ইউনিয়ন এর বিরুদ্ধে প্রতিযোগীতা করার জন্য একটি বিকল্প শ্রমিক সংগঠন গঠন করা হতে সম্পূর্ন বিরত থাকবে।

৪.১৫ শ্রমিক নিয়োগের সময় কোন প্রার্থী যদি পূর্বে এই প্রতিষ্টানের ট্রেড ইউনিয়নের সদস্য বা বর্তমানে অন্য কোন প্রতিষ্টানের ট্রেড ইউনিয়নের সদস্য হয়ে থাকলেও নিয়োগের সময় তা বিবেচ্য নহে। আবেদনকৃত পদে তার যোগ্যতা যাচাই করে নির্বাচিত হলে নিয়োগের জন্য মনোনীত করা হবে।

### ৫.০ যোগাযোগ ও পরামর্শ প্রক্রিয়া ঃ

৫.১ প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারী কর্মকালীন স্বাস্থ্য-নিরাপত্তা, কাজের পরিবেশ ও বেতন কাঠামো সংক্রান্ত অভিযোগ ও অনুযোগ ফ্লোরে দায়িত্ব প্রাপ্ত শ্রমিক প্রতিনিধির নিকট সরাসরি অথবা ট্রেড ইউনিয়ন অফিসে গিয়ে জানানোর মাধ্যমে সমাধান চাইতে পারবেন।

৫.২ শ্রমিক প্রতিনিধিগন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপস্থিতি বা অনুপস্থিতিতে উভয় ভাবে তারা কর্মক্ষেত্রে সরাসরি শ্রমিকদের সমস্যা সমাধানে, শ্রমিকদের সাথে যোগাযোগ করতে পারবে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে শ্রমিকদের সমস্যা সমাধানে ভুমিকা রাখবেন।

**Apex Holdings Limited**

Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# সংঘঠন করার স্বাধীনতা নীতি

# Freedom of Association Policy

## ৬.০ অসৎ শ্রম আচরন ঃ

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী ধারা ১৯৬ অনুযায়ী নিম্ন লিখিত কাজ অসৎ শ্রম আচরন হিসাবে বিবেচিত হবে।

৬.১ মালিকের বিনা অনুমতিতে কোন শ্রমিক তাহার কর্মসময়ে কোন ট্রেড ইউনিয়নের কর্মকান্ডে নিয়োজিত থাকিতে পারিবে না।

৬.২ কোন শ্রমিককে কোন ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হওয়ার জন্য অথবা না হওয়ার জন্য অথবা উক্ত পদে বহাল থাকার জন্য অথবা উহা হতে বিরত থাকার জন্য ভীতি প্রদর্শন করবেনা।

৬.৩ কোন বেআইনি ধর্মঘটে অংশগ্রহন অথবা টিমে তালে কাজ শুরু করার বা চালু রাখার অথবা উহাতে অংশ গ্রহনের জন্য অন্য কোন ব্যক্তিকে প্ররোচিত করা যাবে না।

৬.৪ ট্রেড ইউনিয়ন কোন দাবী অথবা উহার কোন লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে কোন ঘেরাও, পরিবহন অথবা যোগাযোগ ব্যবস্থায় প্রতিবন্ধকতা সৃষ্টি অথবা কোন সম্পত্তির ধ্বংস সাধন করবেনা।

## ৭.০ কতিপয় কার্যক্রম পরিহার্য্য ঃ

**বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর ২০২ অনুযায়ী কোন ট্রেড ইউনিয়ন, ট্রেড ইউনিয়ন ফেডারেশন বা কনফেডারেশন, যৌথ দরকষাকষি প্রতিনিধি বা উহার কোন সদস্য নীচে উল্লেখিত কর্মকান্ড পরিহার্য্য,**

যথাঃ- ৭.১ প্রতিষ্ঠানের কোন প্রশাসনিক কার্যক্রমে হস্তক্ষেপ করা;


৭.২ প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী অথবা শ্রমিক নিয়োগ, বদলি ও পদ্দোন্নতিতে হস্তক্ষেপ করা ;

৭.৩ কর্তৃপক্ষের নিকট হইতে কোন যানবাহন, আসবাপত্র অথবা আর্থিক কোন সুবিধা গ্রহণ ;

৭.৪ প্রতিষ্ঠানের উৎপাদন ও স্বাভাবিক কর্মকান্ডে হস্তক্ষেপ করা ; এবং

৭.৫ ধারা-৩৪৯ অনুযায়ী কোন ট্রেড ইউনিয়ন উহার গঠনতন্ত্রে লক্ষ্য বা উদ্দেশ্য হিসাবে বর্ণিত হয় নাই এরুপ কোন কর্মকান্ডে জড়িত থাকিতে পারিবে না ।

## ৮.০ অর্গানাইজেশন ঃ




| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-ডিসেম্বর-২০১৩ | পলিসি নং | : ০১৪ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৯ | রিভিউ তারিখ | : ০১-ডিসেম্বর-২০২২ | কার্যকর তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

### ৮.১ নীতি বাস্তবায়নকারী কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য ঃ

#### ৮.১.১ বিভাগীয় প্রধান(এইচ আর এন্ড এডমিন) (কর্পোরেট) ঃ

- এপেক্স হোল্ডিংস লিমিটেড এর প্রশাসনিক প্রধান নীতি বাস্তবায়নের প্রধান দায়িত্বে থাকবেন।
- অনুসন্ধান ও রিপোর্টিং প্রতিবেদন এর প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
- ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমতিক্রমে পলিশি সংশোধন, পরিবর্তন, পরিমার্জন করবেন।

#### ৮.১.২ ব্যবস্থাপক (এডমিন এন্ড এইচ আর-কারখানা) ঃ

- পলিসি বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।
- শ্রমিক-কর্মচারী মতামতা যাচাই কার্যক্রম পরিচালনা ও  মনিটরিং।
- গৃহীত সংশোধন মূলক ব্যবস্থা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহন।

#### ৮.১.৩ বিভাগীয় প্রধান (কমপ্লায়েন্স) ঃ

- নীতির সঠিক বাস্তবায়ন পর্যবেক্ষন করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে তা অবগত করা।
- নিয়মিত মিডলেভেল ম্যানেজমেন্ট এবং সুপারভাইজারদের সাথে মতবিনিময় করা।

#### ৮.১.৪ নির্বাহী (মানবসম্পদ ও প্রশাসন) ঃ

- শ্রমিক কর্মচারীর মতামত যাচাই ।
- পর্যালোচনা প্রতিবেদন প্রস্তুত এবং বিভাগীয় প্রদানের নিকট প্রেরণ করা।
- প্রয়োজনীয় ডকুমেন্ট সংরক্ষণ কর।

#### ৮.১.৫ কল্যাণ কর্মকর্তা ঃ

- প্রশিক্ষন প্রদান।
- শ্রমিক-কর্মচারী, মিডলেভেল ম্যানেজমেন্ট ও প্রশাসনের মধ্যে সংলাপের ব্যবস্থা করা।
- শ্রমিক কর্মচারীর মতামত , প্রতিক্রিয়া ও পরামর্শ গ্রহন ।
- পর্যালোচনা প্রতিবেদন প্রস্তুত এবং বিভাগীয় প্রদান এর নিকট প্রেরণ করা।
- প্রয়োজনীয় ডকুমেন্ট সংরক্ষন করা।

#### ৮.১.৬ ইউনিয়ন প্রতিনিধি ঃ

- নীতিমালা অনুযায়ী  ট্রেড ইউনিয়ন এর সার্বিক কার্যক্রম পরিচালানা করা।
- যৌথ দরকষাকষি প্রতিনিধি দায়িত্ব পালন করা।
- শ্রমিকদের সমস্যা সমাধানে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে আলোচনার করা।
- শ্রমিক-কর্মচারীকে তাদের মতামত প্রদানের জন্য উৎসাহিত করা।

#### ৮.১.৭ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ঃ

- নীতি বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) কে সহযোগীতা করা।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-ডিসেম্বর-২০১৩ | পলিসি নং | : | ০১৪ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৯ | রিভিউ তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ | কার্যকর তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

### ৯.০ নীতি বাস্তবায়ন করার রুটিন ও কর্মপদ্ধতি ঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় | সময় সীমা |
|---|---|---|---|---|
| ৯.১ ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যৌথ সভা । | প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে একবার ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যৌথ সভা অনুষ্ঠিত হবে এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সকল শ্রমিককে অবহিত করা হবে। মিটিং এ আলোচনার মাধ্যমে প্রাপ্ত সমস্যা ও অভিযোগ উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে। | বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ)ও কল্যান কর্মকর্তা | নিয়মিত | ৩ মাস |
| ৯.২ ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যৌথ সভায় গৃহীত সিদ্ধান্ত অবহিত করা । | ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভায় গৃহীত সিদ্ধান্ত সকল কর্মচারী ও শ্রমিককে পি.এ. সিসটেম, নোটিশ বোর্ড এর মাধ্যমে অবহিত করা হবে। | বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ)ও কল্যান কর্মকর্তা | নিয়মিত | মিটিং পরবর্তী ৭ কর্মদিবস |
| ৯.৩ ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যৌথ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ণ মনিটরিং। | ট্রেড ইউনিয়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যৌথ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ণ নিয়মিত মনিটরিং করা হবে। সিদ্ধান্ত বাস্তবায়নে কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছে এবং সিদ্ধান্তের বাস্তবায়নে কোন বাধার সম্মূখীন হচ্ছে কিনা তা তদারকী করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও কল্যাণ কর্মকর্তা | নিয়মিত | প্রতি ৩ মাসে একবার। |
| ৯.৪ কারখানার বিভিন্ন সমস্যা ও অভিযোগ কর্তৃপক্ষকে অবহিত করা। | শ্রমিক প্রতিনিধিগন কারখানার বিভিন্ন সমস্যা ও অভিযোগ সিডিউল মিটিং ছাড়াও সরারসরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করে সমাধানে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করতে পারবে। | নির্বাহী (প্রশাসন ও মানব সম্পদ) ও কল্যাণ কর্মকর্তা | নিয়মিত | নীতি নির্ধারনের পর । |
| ৯.৫ ডকুমেন্ট ও তথ্য সংরক্ষন। | প্রতিটি মিটিং এর প্রতিবেদন, সি.বি.এ চুক্তিপত্র, সিদ্ধান্ত মনিটরিং প্রতিবেদন এর লিখিত কপি কমপক্ষে এক বছর পর্যন্ত সংরক্ষন করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) | নিয়মিত | এক বছর |

### ১০.০ যোগাযোগ পদ্ধতি ঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় | সময় সীমা |
|---|---|---|---|---|
| ১০.১ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ (সহঃ মহাব্যবস্থাপক থেকে পরিচালক পর্যন্ত)। | সাধারন মিটিং এ আলোচনার মাধ্যমে অথবা ই-মেইলের মাধ্যমে অবহিত করতে হবে। এবং সভার কার্য বিবরনী সংযোজন করে তা সংরক্ষন করতে হবে। | বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ) | বছরে কমপক্ষে একবার | নীতি নির্ধারনের পর সবসময় বলবৎ থাকবে। |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

| | | | | |
|---|---|---|---|---|
| ১০.২ নীতিমালা বাস্তবায়নে সংশ্লিষ্ট ব্যক্তি / দলের সাথে যোগাযোগ। | সাধারন মিটিং এর মাধ্যমে সকলকে অবগত কর হবে। | বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ) | নিয়মিত | নীতি নির্ধারনের পর। |
| ১০.৩ কারখানার সকল শ্রমিক, কর্মকর্তা ও মধ্যম পর্যায়ের ব্যবস্থাপনা ষ্টাফদের উক্ত নীতিমালা সম্পর্কে অবহিত করা হবে। | সাধারন মিটিং আয়োজনের মাধ্যমে, প্রশিক্ষণ, নোটিশ বোর্ড ও পি.এ সিসটে এর মাধ্যমে সকলকে অবগত করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও কল্যাণ কর্মকর্তা | নিয়মিত | নীতি নির্ধারনের পর সবসময় বলবৎ থাকবে। |
| ১০.৪ স্টেকহোল্ডার ও পন্য সরবরাহকারীদের নীতিমাল সম্পর্কে অবগত করা। | ইমেল/ অনলাইন ভার্চুয়াল / ওয়েব সাইটে এ আপলোড করার মাধ্যমে নীতিমালা সম্পর্কে অবগত করা হবে। | বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) ও (কমপ্লায়েন্স) | প্রতি বছরে একবার | নীতি নির্ধারনের পর সবসময় বলবৎ থাকবে। |
| ১০.৫ নতুন কর্মীদের ওরিয়েন্টেশন এ উক্ত নীতিমালা সম্পর্কে ধারনা প্রদান করা। | মিটিং আয়োজনের মাধ্যমে সবাইকে অবগত করা এবং প্রত্যেকে উক্ত পলিসি বুঝতে পেরেছে বা অবগত হয়েছে এই মর্মে স্বাক্ষর গ্রহন করা। | ব্যবস্থাপক (প্রশাসন) ও কল্যাণ কর্মকর্তা | নিয়মিত | নীতি নির্ধারনের পর সবসময় বলবৎ থাকবে। |

## ১১.০ ফিডব্যাক এবং কন্ট্রোল ঃ

| ফিডব্যাক এবং কন্ট্রোল | কার্য পদ্ধতি | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সময় সীমা |
|---|---|---|---|
| ১১.১ শ্রমিদের সন্তুষ্টি / মতামত যাচাই । | লিখিত-মৌখিক ভাবে, মোবাইল, জরুরী হেল্প লাইন নম্বর, ইমেল, মিটিং ও সার্ভের মাধ্যমে শ্রমিকদের সন্তুষ্টি / মতামত যাচাই কর হবে। একটি নির্দিষ্ট চেক লিস্ট এর মাধ্যমে মতামত যাচাই করা হবে। শ্রমিদের সন্তুষ্টি / মতামত যাচাই প্রতিবেদন ১২ মাস পর্যন্ত সংরক্ষন করা হবে। | মানবসম্পদ বিভাগ কর্মকমর্তা ও কল্যান কর্মকর্তা। | প্রতি বছরে একবার, |
| ১১.২ কারন অনুসন্ধান ও রিপোর্টিং । | শ্রমিকদের মতামত যাচাই হতে প্রাপ্ত বিষয়াদি নিয়ে একটি রিপোর্ট তৈরী করা হবে । উক্ত বিষয় ব্যবস্থাপনা রিভিউ মিটিং এ কর্তৃপক্ষকে জানানো হবে । প্রত্যেকটি সমস্যার প্রকৃতি ও কারণ অনুসন্ধান করে সমাধানে পদক্ষেপ গ্রহন করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও ইন্টারনাল অডিট টিম। | ইন্টারনাল অডিট সম্পন্ন করার পর। |
| ১১.৩ নিয়ন্ত্রণ বা | উক্ত নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে যথাযথ প্রশিক্ষন | ব্যবস্থাপক (প্রশাসন) | ১২ মাস |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212.
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/FAP/001/0180

# সংঘঠন করার স্বাধীনতা নীতি

## Freedom of Association Policy

| | | | |
|---|---|---|---|
| সংশোধন মূলক ব্যবস্থা । | প্রদানের মাধ্যমে শ্রমিক কর্মচারীদের জন্য সুশৃঙ্খল কর্ম পরিবেশ নিশ্চিত করা। তথাপী এ সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে শ্রমিক প্রতিনিধি সাথে আলোচনা করে, যথাযথ সমাধান এর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা। | ও শ্রমিক প্রতিনিধি। | |
| ১১.৪ ডকুমেন্ট সংরক্ষন। | মিটিং প্রতিবেদন, চুক্তিপত্র ও অন্যান্য সকল প্রতিবেদন কমপক্ষে ১২ পর্যন্ত সংরক্ষন করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও শ্রমিক প্রতিনিধি। | ১২ মাস |
| ১১.৫ প্রতিকার/ প্রতিরোধমূলক ব্যবস্থা | এক্ষেত্রে প্রশ্ন উত্তর পর্বের মাধ্যমে প্রাপ্ত ফলাফল অনুযায়ী কর্তৃপক্ষ যে কোন সময় বিদ্যমান নীতিতে যদি সিস্টেম বা প্রক্রিয়াগত কোন ত্রুটি আছে কিনা যাচাই করে, পরিবর্তন প্রয়োজন হয় সেক্ষেত্রে সকল দেশীয় আইনের সাথে সঙ্গতি রেখে যেকোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, সংযোজন অথবা বিয়োজন করতে পারবে। | বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ) | প্রয়োজনকালীন সময়। |
| ১১.৬ রিভিউ | নীতিমালা রিভিউ টিম প্রতি বছরে কমপক্ষে একবার এই নীতিমালা রিভিউ করবেন। এছাড়াও বিদ্যমান কোন আইন বা বিধি-বিধান পরিবর্তন / নতুন ভাবে প্রনয়ন করা হলে, সে অনুযায়ী এই নীতিমালা রিভিউ করা হবে। | নীতিমালা রিভিউ টিম | বছরে কমপক্ষে একবার |